*Total number of printed pages–4*

**1 (Sem–2/FYUGP) BEN 21 MN/(B)**

**2026**

**BENGALI**

( Minor )

**SET–B**

Paper : BEN4200104MN

**( Unish Shataker Bangla Sahitya Path )**

*Full Marks : 60*

Time : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

## SET–B

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর অতি সংক্ষিপ্ত উত্তর লেখো ঃ ১×৮=৮

(ক) জনার পুত্র প্রবীর কোন্ রাজ্যের যুবরাজ ছিলেন?

(খ) 'তারার যৌবন-বন-ঋতুরাজ তুমি'—এখানে 'তুমি' বলতে কার কথা বলা হয়েছে?

(গ) 'শকুন্তলা' গদ্যগ্রন্থে নবমালিকার বনতোষিনী নাম কে রেখেছিলেন?

(ঘ) শকুন্তলা গৌতমীকে কী বলে সম্বোধন করতেন?

(ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রকাশকাল লেখো।

(চ) নবকুমারের নিবাস কোথায় ছিল?

(ছ) 'সধবার একাদশী' নাটকে অটলের বোনের নাম কী?

(জ) "পরিণয়-নিবারণী নামে একটি শাখাসভা স্থাপন করো।" বক্তা কে?

২। নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখো ঃ *(যে কোন ছয়টি)* ২×৬=১২

(ক) শকুন্তলার দুই সখীর নাম লেখো।

(খ) "রাজস্ব দাসী দিবে রাজপদে"- বক্তা কে? এখানে কাকে রাজস্ব দেবার কথা বলা হয়েছে?

(গ) "স্মরণ করাইয়া দিলেও, সে তোরে স্মরণ করিবেক না।"- "শকুন্তলা" গদ্যগ্রন্থে কে কাকে এই অভিশাপ দিয়েছিলেন?

(ঘ) "আমার অঞ্চল ধরিয়া কে টানিতেছে?"— বক্তা কে? তাঁর 'অঞ্চল' ধরে কে টানছিল?

(ঙ) "নর মাংস না হলে তান্ত্রিকের পূজা হয় না, তুমি কি জান না?"—বক্তা কে? সে কাকে একথা বলেছে।

(চ) নবকুমারের প্রথম স্ত্রীর নাম কী? ইসলাম ধর্ম গ্রহণ পরার পর সে কী পদবী ব্যবহার করত?

(ছ) "একবার বল যে, তুমি অবিশ্বাসিনী নও—" বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এই কথা বলা হয়েছে?

(জ) 'সধবার একাদশী' নাটকে অটলের দুজন বন্ধুর নাম লেখো।

(ঝ) "The thirsty earth soaks up the rain,
And drinks and gapes for drink again..."
নিমচাঁদের সংলাপের উদ্ধৃতাংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? এই কবিতার কবি কে?

(ঞ) "সভ্যতার সহিত বিদ্যাভাবের উদ্বাহ হলেই বিড়ম্বনার জন্ম হয়।" বক্তা কে? সে কাকে এ কথা বলেছে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও ঃ *(যে কোনো চারটি)* ৫×৪=২০

(ক) "প্রেম-উদাসীন যদি তুমি, গুণমণি,
কহ, কোন্ যুবতীর—(আহা, ভাগ্যবতী
বামাকুলে সে রমণী!)-কহ শীঘ্র করি,-
কোন্ যুবতীর নব যৌবনের মধু
বাঞ্ছা তব?"
উদ্ধৃতাংশের নিহিতার্থ বিশ্লেষণ করো।

(খ) "বিবশা দেখিলে মোরে রোষে ঋষিবালা
নিন্দে তোমা, হে নরেন্দ্র মন্দ কথা কয়ে!—"
বক্তার এরূপ উক্তির কারণ বিশ্লেষণ করো।

(গ) 'শকুন্তলা' গদ্যগ্রন্থ অনুসরণে কণ্ব মুনির চরিত্র চিত্রণ করো।

(ঘ) 'শকুন্তলা' গদ্যগ্রন্থ অনুসরণে দুর্বাশার অভিশাপ বৃত্তান্ত নিজের ভাষায় লেখো।

(ঙ) 'কপালকুণ্ডলা' অনুসরণে শ্যামাসুন্দরী চরিত্র আলোচনা করো।

(চ) "আমি অবিশ্বাসিনী নহি। এ কথা স্বরূপ বলিলাম।"

বক্তা কে? তাঁর এরূপ মন্তব্যের কারণ নির্ণয় করো।

(ছ) 'সধবার একাদশী' অবলম্বনে গোকুলচন্দ্র চরিত্র আলোচনা করো।

(জ) 'সধবার একাদশী' অনুসরণে কাঞ্চন চরিত্র আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে কোনো দুটি)*

১০×২=২০

(ক) 'নীলধ্বজের প্রতি জনা' পত্র অনুসরণে জনার অন্তর্দ্বন্দ্বের স্বরূপ নির্ণয় করো।

(খ) 'শকুন্তলা' গদ্য অনুসরণে শকুন্তলা চরিত্র আলোচনা করো।

(গ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে কাপালিক চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(ঘ) 'সধবার একাদশী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঙ) 'সধবার একাদশী' নাটকের নিমচাঁদ বা অটল বিহারীর চরিত্র আলোচনা করো।